বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর সিএনজি'র বিক্রয় মূল্যহার বৃদ্ধির আবেদনের ওপর কমিশন আদেশ

বিইআরসি আদেশ # ২০১১/০৬

তারিখ : ১৯ সেপ্টেম্বর, ২০১১

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫
বাংলাদেশ
www.berc.org.bd

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

বিইআরসি আদেশ # ২০১১/০৬

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০১১

বিষয় ঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) কর্তৃক সিএনজি'র বিক্রয় মূল্যহার বৃদ্ধির প্রস্তাবসম্বলিত ১৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) অনুসারে সিএনজি'র বিক্রয় মূল্যহার বৃদ্ধির ওপর প্রদত্ত আদেশ।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) ১৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখের ১১.০২.৩১/১০৮৪ সংখ্যক পত্রে সিএনজি'র ফিড গ্যাসের মূল্য ১৮.০০ টাকা/ঘনমিটার থেকে ৫.০০ টাকা/ঘনমিটার বৃদ্ধি করে ২৩.০০ টাকা/ঘনমিটার এবং সিএনজি অপারেটরের বর্তমান মার্জিন ৭.০০ টাকা/ঘনমিটার অপরিবর্তিত রেখে সিএনজি'র বর্তমান বিক্রয় মূল্যহার ২৫.০০ টাকা/ঘনমিটার হতে বৃদ্ধি করে ৩০.০০ টাকা/ঘনমিটার নির্ধারণের প্রস্তাব করে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (আইন) এর ধারা ২(খ) ও (গ) এবং ধারা ২৭(২) অনুযায়ী বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) কমিশনের লাইসেন্সী। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ২২(ড) এবং সাধারণভাবে উক্ত আইনের অধ্যায়-৬ এবং অধ্যায়-৭ এর আওতায় প্রাকৃতিক গ্যাসের ট্যারিফ নির্ধারণ করা কমিশনের কর্তৃত্বাধীন।

সরকার ১৮ সেপ্টেম্বর, ২০১১ মধ্যরাত থেকে ডিজেল, পেট্রোল, অকটেন, কেরোসিন ও ফার্নেস অয়েলের দাম বৃদ্ধি করেছে। জ্বালানী তেলের মূল্য বৃদ্ধির কারণে স্বাভাবিকভাবে ডিজেল ও পেট্রোল চালিত পরিবহনের খরচ বেড়ে যাবে এবং গ্রাহক/ভোক্তাদের নিকট হতে বাড়তি পরিবহন ভাড়া আদায় করা হবে। দেশে ডিজেল চালিত ও সিএনজি চালিত উভয় শ্রেনীর পরিবহন বিদ্যমান আছে।

এ অবস্থায় ডিজেল চালিত পরিবহনের ভাড়া বৃদ্ধি পাবে। সিএনজি'র মূল্য অপরিবর্তিত থাকায় এর ভাড়া বৃদ্ধি হওয়ার কথা নয়। এক্ষেত্রে দু'রকমের ভাড়ার হার হলে ভোক্তা পর্যায়ে বাধার সৃষ্টি এবং আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে। যেহেতু কোন যানবাহনটি ডিজেল চালিত এবং কোন যানবাহনটি সিএনজি চালিত তা গ্রাহক/ভোক্তাপর্যায়ে নির্ণয় করা সম্ভব নয়। এ সুযোগে সিএনজি পরিবহনের মালিকেরা স্বাভাবিকভাবে ডিজেল চালিত পরিবহনের সাথে সামঞ্জস্য রেখে সিএনজি চালিত যানবাহনের ভাড়াও বৃদ্ধি করবে।

গত ১৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার অফিস কক্ষে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সচিব এবং পেট্রোবাংলার চেয়ারম্যানের উপস্থিতিতে পরিবহন খাতে ভাড়ার সামঞ্জস্যতা বজায় রাখা এবং গ্রাহক/ভোক্তাপর্যায়ে আইন শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না হয় তা বিবেচনা করে সিএনজি'র ফিড গ্যাসের বর্তমান মূল্য ১৮.০০ (আঠার) টাকা থেকে বৃদ্ধি করে ২৩.০০ (তেইশ) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু সিএনজি'র গ্রাহক/ভোক্তা পর্যায়ে মূল্য নির্ধারণের সিদ্ধান্ত কমিশন পর্যায়ে নেয়া হয় তাই সিএনজি'র বর্তমান মূল্যে প্রতি ঘনমিটার (১৮.০০ + ৭.০০) = ২৫.০০ টাকা হতে (২৩.০০ + ৭.০০) = ৩০.০০ (ত্রিশ) টাকায় নির্ধারিত হবে। ইতোমধ্যে মাননীয় জ্বালানী উপদেষ্টার কক্ষে আলোচনা ও সিদ্ধান্তের আলোকে পেট্রোবাংলার চেয়ারম্যান কমিশন বরাবর আবেদন পত্র পাঠিয়েছেন।

কমিশন আইন ও ট্যারিফ প্রবিধানমালা মোতাবেক শুনানী প্রক্রিয়া সম্পন্ন করে ট্যারিফ বৃদ্ধি করে থাকে যা সময়সাপেক্ষ। সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হলে সরকার/পেট্রোবাংলা বিপুল পরিমাণ রাজস্ব হতে বঞ্চিত হবে বিধায় শুনানী প্রক্রিয়া পরিহার করে অবিলম্বে জনস্বার্থে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন বলে কমিশন মনে করে।

মাননীয় জ্বালানী উপদেষ্টার অফিস কক্ষে আলোচনা, পেট্রোবাংলার আবেদন পত্র এবং উপরে উল্লেখিত বিষয়টি জরুরী প্রেক্ষাপট বিবেচনা করে কমিশন এ আদেশ প্রদান করছে।

কমিশনের আদেশ

১৯ সেপ্টেম্বর, ২০১১ তারিখ রাত ১২:০০ টা হতে ফিড গ্যাস প্রতি ঘনমিটার ৫.০০ (পাঁচ) টাকা বৃদ্ধি করে অর্থাৎ বর্তমান ফিড গ্যাস ১৮.০০ (আঠার) টাকার স্থলে ২৩.০০ (তেইশ) টাকা এবং সিএনজি অপারেটরের অংশ ৭.০০ (সাত) টাকা অপরিবর্তিত রেখে গ্রাহক/ভোক্তাপর্যায়ে প্রতি ঘনমিটার সিএনজি'র বিক্রয় মূল্যহার ২৫.০০ (পঁচিশ) টাকা হতে বৃদ্ধি করে ৩০.০০ (ত্রিশ) টাকায় নির্ধারণ করা হ'ল। পেট্রোবাংলার প্রস্তাবমতে এই বর্ধিত মূল্য নিম্নোক্তভাবে বিভাজিত হবে ঃ

সরকারী হিস্যা	পিডিএফ মার্জিন	বাপেক্স মার্জিন	ডিডব্লিউএমবি	অয়েল হেড মার্জিন	জিডিএফ	সঞ্চালন মার্জিন	বিতরণ মার্জিন	সিএনজি অপারেটর মার্জিন	ভোক্তা পর্যায়ে মূল্য
১২.৬৫	৬.১০	০.১১	০.২০	০.৩০	৩.১৬৪	০.৩২	০.১৫৬	৭.০০	৩০.০০

প্রকৌশলী মোঃ ইমদাদুল হক
সদস্য

ড. সেলিম মাহমুদ
সদস্য

সৈয়দ ইউসুফ হোসেন
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

নং- বিইআরসি/ট্যারিফ/গ্যাস(সিএনজি)-০১/২০১০-১১/১৯৫৯ তারিখ ঃ ১৯ সেপ্টেম্বর, ২০১১

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ২২(ভ) এবং সাধারণভাবে আইনের অধ্যায়-৬ এবং অধ্যায়-৭ এ প্রদত্ত ক্ষমতা বলে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) কর্তৃক সিএনজি'র বিক্রয় মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গ্রাহক/ভোক্তা পর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করছে ঃ

গ্রাহকখাতঃ **সিএনজি**	বর্তমান বিক্রয় মূল্যহার (টাকা)	পুনঃনির্ধারিত বিক্রয় মূল্যহার (টাকা)
ভোক্তাপর্যায়ে বিক্রয় মূল্যহার (ঘনমিটার)	২৫.০০	৩০.০০

২। পুনঃনির্ধারিত এ মূল্যহার ১৯ সেপ্টেম্বর, ২০১১ তারিখ রাত ১২.০০ টা হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

১৯.৯.২০১১

(মোহাম্মদ আবু ফারুক)
পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯১১ ১৭৯৫।